

ঃ বিআরটিএ'র জরুরী বিজ্ঞপ্তি ঃ

বিষয় ঃ মোটরযানের হালনাগাদ ফিটনেস সনদপত্র সংগ্রহ প্রসংগে।

এ অথরিটির গোচরীভূত হয়েছে যে, বাংলাদেশের বিভিন্ন স্থানে বহু মোটরযান চলাচল করেছে যার হালনাগাদ ফিটনেস সনদপত্র নেই এবং যানবাহন কর প্রদান করা হয় নাই। এ ছাড়া বেশ কিছু মোটরযান অকেজো/নষ্ট হয়ে আছে, কিন্তু মালিক কর্তৃক বিআরটিএ'র নিকট রেজিঃ সনদ সারেভার ও এ সংক্রান্ত তথ্য দেয়া হয় নাই। যার ফলে ফিটনেস হালনাগাদ বিহীন মোটরযানের তালিকা তৈরী করে মালিকের নামে নোটিশ করা হচ্ছে এবং এ তালিকা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিকট প্রেরণ করা হচ্ছে। পর পর দুই বার নোটিশ দেয়ার পর মালিকের পক্ষ থেকে কোন সাড়া পাওয়া না গেলে এবং প্রাপকের ঠিকানার ভুলের কারণে নোটিশ ফেরৎ আসলে সংশ্লিষ্ট মোটরযানের তথ্যাদি ও মালিকের বিবরণ বিআরটিএ'র ডাটাবেজ হতে মুছে ফেলার (Write-off) উদ্দেশ্যে গ্রহণ করা হবে। যার ফলে মুছে ফেলা এ ধরনের বিবরণ বিহীন কোন গাড়ি পাওয়া গেলে তা সম্পূর্ণ অবৈধ গাড়ি হিসেবে বিবেচিত হবে এবং গাড়ির মালিককে কঠোর আইনগত ব্যবস্থার সম্মুখীন হতে হবে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে এ নোটিশ জারীর ০২ (দুই) মাসের মধ্যে মোটরযানের হালনাগাদ ফিটনেস সনদপত্র গ্রহণ এবং অকেজো/নষ্ট/দুর্ঘটনা কবলিত খতিয়ান মোটরযানের ক্ষেত্রে তথ্যাদি প্রদান এর জন্য সংশ্লিষ্ট বিআরটিএ অফিসের নিকট সত্বর যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ হুমায়ুন রশিদ খলিফা)
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
বিআরটিএ